



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
www.dshe.gov.bd



স্মারক নং- ৩৭.০২.০০০০.১০৪.৯৯.০২৭.২০১৬-৭৬০


তারিখঃ ৬/১১/২০২১খ্রি.

বিষয়ঃ বি.সি.এস (সাধারণ শিক্ষা) ক্যাডার কর্মকর্তাগণের উচ্চতর গ্রেড প্রদান।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জাতীয় বেতন স্কেল, ২০১৫ এর স্পষ্টিকরণ সংক্রান্ত অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগের বাস্তবায়ন অনুবিভাগ বাস্তবায়ন-১ শাখার ২১/০৯/২০১৬ তারিখের ০৭.০০.০০০০.১৬১.০০.০০২.১৬ (অংশ-১)-২৩২ নং পরিপত্রের (গ)- (২) এর আলোকে (একই পদে কর্মরত কোন কর্মচারী একটিমাত্র উচ্চতর স্কেল (টাইমস্কেল)/সিলেকশন গ্রেড (যে নামেই অভিহিত হউক) পাইয়া থাকিলে উচ্চতর স্কেল (টাইমস্কেল)/সিলেকশন গ্রেড পাইবার তারিখ হইতে পরবর্তী ০৬ (ছয়) বছর পূর্তির পর ৭ম বছরে পরবর্তী উচ্চতর গ্রেড প্রাপ্য হইবেন) এবং (গ)- (৩)- এর আলোকে (একই পদে কর্মরত কর্মচারী কোন প্রকার উচ্চতর স্কেল (টাইমস্কেল)/ সিলেকশন গ্রেড (যে নামেই অভিহিত হউক) না পাইয়া থাকিলে সন্তোষজনক চাকরির শর্তে তিনি ১০ (দশ) বৎসর চাকরি পূর্তিতে ১১তম বছরে পরবর্তী উচ্চতর গ্রেড এবং পরবর্তী ৬ বছরে পদোন্নতি না পাইলে ৭ম বছরে পরবর্তী উচ্চতর গ্রেড প্রাপ্য হইবেন।) যে সকল কর্মকর্তাগণ উচ্চতর গ্রেড প্রাপ্ত হয়েছেন সে সকল কর্মকর্তাকে নিম্নে উল্লিখিত তথ্যাদিসহ ১০/০৯/২০২১ তারিখের মধ্যে আবেদন করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। [বি: দ্র: ইতোপূর্বে যে সকল কর্মকর্তা আবেদন করেছেন তাদের পুনরায় আবেদন করার প্রয়োজন নাই।]

প্রয়োজনীয় তথ্যাদি :

- (ক) সংশ্লিষ্ট কর্মকর্তার আবেদন
- (খ) অধ্যক্ষ/প্রতিষ্ঠান প্রধানের অগ্রায়ণপত্র
- (গ) ক্যাডারে ১ম যোগদানের আর্টিক্যাল-৪৭
- (ঘ) চাকুরী স্থায়ীকরণের প্রজ্ঞাপন
- (ঙ) সিলেকশন গ্রেড প্রাপ্তির প্রজ্ঞাপন
- (চ) পদোন্নতির প্রজ্ঞাপন
- (ছ) পদোন্নতি প্রাপ্ত পদে যোগদানের আর্টিক্যাল-৪৭



(মো: ওয়াহিদুজ্জামান)
উপপরিচালক (কলেজ-১)
ফোন : ৯৫৫৮৫০৫

অনুলিপি ও প্রয়োজনীয় কার্যার্থে :

- ১। পরিচালক (কলেজ ও প্রশাসন) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা ;
- ২। পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অঞ্চল (সকল)
- ৩। অধ্যক্ষ (সকল সরকারি কলেজ/ সরকারি শিক্ষক প্রশিক্ষণ কলেজ/ সরকারি আলিয়া মাদ্রাসা), প্রতিষ্ঠান প্রধান (এনসিটিবি/সকল বোর্ড/ডিআইএ/নায়েম/এইচএসটিটিআই/বিএমটিটিআই এবং সংশ্লিষ্ট সকল অফিস) তাঁর দপ্তরে কর্মরত বিসিএস (সাধারণ শিক্ষা) ক্যাডার কর্মকর্তাগণ-কে বিষয়টি অবহিতকরণের অনুরোধসহ।
- ৪। সহকারী পরিচালক (কলেজ-১, ২, ৪), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা ;
- ৫। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা ;
- ৬। সংরক্ষণ নথি।